



# Bodystretch Bangladesh Ltd.

## Disciplinary Action Policy

### শৃঙ্খলামূলক ব্যবস্থা নীতিমালা

#### ১.১ মূলনীতিঃ

বডিস্ট্রেচ বাংলাদেশ লিমিটেড এর ব্যবস্থাপনা কতৃপক্ষ প্রতিষ্টানে কর্মরত শ্রমিকদের সাথে শৃঙ্খলা বজায় রাখতে বদ্ধ পরিকর। একটি সুষ্ঠু ও কার্যকর শৃঙ্খলামূলক ব্যবস্থা প্রতিষ্টানের সকল স্তরে শৃঙ্খলাবিধান ও শ্রমিককর্মচারীদের মধ্য সৌহার্দপূর্ণ আন্তরিকসম্পর্ক তৈরী ও সুষ্ঠু কর্মপরিবেশ তৈরি করবে।

#### ১.২ উদ্দেশ্য ও লক্ষ্যঃ

বডিস্ট্রেচ বাংলাদেশ লিমিটেড ২০০৬ সালএবংএর সর্বশেষ সংশোধনী ২০১৩ সালের বাংলাদেশের শ্রম আইন, বাংলাদেশ শ্রমবিধিমালা ২০১৫ যথাযথভাবে অনুসরণ কওে প্রতিষ্টানের শ্রমিক কর্মচারীদের বিরুদ্ধে শাস্তি মূলক ব্যবস্থা গ্রহন করিয়া কারখানার কাজের সুষ্ঠুপরিবেশ নিশ্চিত করাই এই নীতির উদ্দেশ্য। বডিস্ট্রেচ বাংলাদেশ লিমিটেড এর কতৃপক্ষ কারখানার শ্রমিকদের কাজের পরিবেশ রক্ষা, একতা, বিশ্বস্ততা, উৎপাদনশীল মানসিকতাএবং কোন শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তা ছল করলে সংশ্লিষ্ট শ্রমিক, কর্মচারী ও কর্মকর্তার ভুলসংশোধন ও সর্বোপরি কারখানার নিয়ম শৃঙ্খলা বজায় রাখার জন্য একটি শৃঙ্খলামূলক ব্যবস্থা নীতি প্রনয়ন করছে। কারখানার অভ্যন্তরে প্রতিটি শ্রমিক কর্মচারী বা কর্মকর্তা যাতে কওে তাদের দায়িত্ব ও কর্তব্য সঠিক ভাবে পালন কওে এবং অধঃস্তন বা উর্ধ্বতন কতৃপক্ষের সহিত সৌজন্যমূলক আচরণ করে ফ্লোরের কর্মপরিবেশ স্বাভাবিক ও গতিশীল রাখাই এই নীতির লক্ষ্য।

#### ১.৩ পরিধিঃ

এই নীতিমালা বডিস্ট্রেচ বাংলাদেশ লিমিটেড সংশ্লিষ্ট সকল কর্মস্থলে বা পণ্য উৎপাদন এলাকার জন্য এবং ভবিষ্যতে যদি বডিস্ট্রেচ বাংলাদেশ লিমিটেড এর ব্যবস্থাপনায় নতুন কোন প্রতিষ্টান গঠিত হয় তাহলে সেই প্রতিষ্টানেও সমভাবে প্রযোজ্য হবে। প্রতিষ্টানের সকল শ্রমিক কর্মচারী ও কর্মকর্তাগন তাদের স্ব স্ব অবস্থানে থেকে কারখানার শৃঙ্খলা রক্ষায় প্রণীত শৃঙ্খলামূলক ব্যবস্থা নীতি মানিয়া চলিতে বাধ্য থাকিবে।

অনুমোদনের তারিখঃ	৫/২/২০১৩	নবায়নের তারিখঃ	১/১/২০১৭
রিভিউ নংঃ	০২	বাস্তবায়নের তারিখঃ	৫/২/২০১৩



**Head Office:** 4-A&B (4th floor) Plot # 30 Sonargaon Janapath Road, Sector # 11, Uttara, Dhaka-1230, Bangladesh.

Tel : +8802- 7914412, +8802-8991729, Fax : +8802-8991029

**Factory :** Plot # 80, Tengury, Zirani Bazar, P.O.: BKSP, P.S. Ashulia, Savar, Dhaka, Bangladesh

**E-mail :** bangladesh@bodystretch.com http : //www.bodystretch.com

